

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৫০. বিশেষ প্রয়োজনে ই'তিকাফ অবস্থায় মসজিদ থেকে বের হতে পারবে কী?

মসজিদের গণ্ডির মধ্যে ব্যবস্থা না থাকলে শুধুমাত্র মানবিক প্রয়োজনে প্রস্রাব-পায়খানা, খাওয়া-দাওয়া ও পবিত্রতা অর্জনের জন্য মসজিদ থেকে বের হওয়া জায়েয আছে, দলীল:

"আয়েশা (রা.) বলেন, একান্ত (পেশাব-পায়খানার) হাজত পূরণ ছাড়া নবী (সা.) ই'তিফাক অবস্থায় মসজিদ ছেড়ে বাড়িতে প্রবেশ করতেন না।" (মুসলিম: ২৯৭) তবে মসজিদে এসব ব্যবস্থা থাকার পর যদি কেউ বাইরে যায় তাহলে ই'তিকাফ ভঙ্গ হয়ে যাবে। ই'তিকাফ অবস্থায় এক রাতে রাসূল (সা.) তাঁর স্ত্রী সাফিয়া (রা.)-কে ঘরে পৌছিয়ে দিয়ে এসেছিলেন। (বুখারী)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=15235

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন